

## বাণী সংখ্যা 281

### মানসিক অনুবন্ধন : ষষ্ঠ।

এটি অনুবন্ধনের উপর শেষ সন্দেশ। কিন্তু এর অর্থ এই নয় যে আমরা কেবলমাত্র এই ছয়টি অনুবন্ধনেরই শিকার। মুক্তি তখনই প্রস্ফুটিত- পুষ্পিত হয়, যখন অনুবন্ধনকে দ্রষ্টারহিত ভাবে দর্শন সম্ভব হয়। ক্রিয়াবানদের আন্তরিক ভাবে আমন্ত্রন জানাচ্ছি যে সে নিজের ভিতরে দেখুক আর নিজের চারিদিকেও দেখুক যাতে সে অন্য অনুবন্ধনের প্রতিও সজাগ থাকতে পারে। যদি সম্ভব হয় নিজেও অনুবন্ধনের উপর সন্দেশ লিখতে পারে এবং সেই লেখাকে ভারতীয় সংযোজক শ্রী গোপী মেননের কাছে মনন এবং ধ্যানের হেতু পাঠাতে পারেন। যদি শ্রী গোপী মেননের কাছে ঐ সন্দেশ উপযুক্ত বলে বিবেচিত হয় তাহলে উনি তা সকলের জানার জন্য পাঠিয়ে দিতে পারেন। আমরা জানি যে সমঝদারী আর ক্রিয়াযোগ অভ্যাসের দ্বারা এই অনুবন্ধন থেকে মুক্তি পাওয়া সম্ভব।

আমাদের উপর 'শব্দের' অত্যধিক প্রভাব পড়ে। শব্দের প্রতি মোহই আমাদের ষষ্ঠ অনুবন্ধন। আমরা শব্দের উর্দে এর মর্মার্থ কে শুনতে পাইনা আর এই জন্য শব্দের দ্বারা যে প্রজ্ঞাকে ব্যক্ত করা হচ্ছে তা আমরা বুঝতেও পারিনা। আমরা আগের থেকে সংরক্ষিত ধারণা এবং পূর্বাগ্রহের উপর ভিত্তি করে শব্দের ব্যাখ্যা করি আর এই ভাবে প্রজ্ঞা এবং অন্তর্দৃষ্টি থেকে বঞ্চিত থেকে যাই।

অন্তর্দৃষ্টির অভাবের কারণে আমরা কেবল ধারণা বানাই। এবং তার উপর নির্ভর করে আমরা হয় তাকে স্বীকার করি অথবা অস্বীকার করি। আর এ দুটোই হোল মৃত্যু। কারণ এ দুটোই যথার্থতার প্রতি সজাগতা থেকে বঞ্চিত করে। শব্দের অভিব্যক্তি থেকে সত্যতা এবং সমঝদারী হারিয়ে যায়। বর্তমানের অর্থ হল- মন অর্থাৎ বিভেদকারী চিত্তবৃত্তির স্বার্থপূর্ণ গতিবিধির উর্দে থাকা। অতএব বর্তমানই অস্তিত্ব আর 'আমিত্ব'-র থেকে উর্দে। প্রজ্ঞা সেখানেই থাকে যেখানে 'আমি' 'আমি' 'আমি' আর 'তুমি' 'তুমি' 'তুমি' নেই। 'আমিত্ব' থেকে উর্দে থাকাই ভগবত্তা অর্থাৎ সর্বব্যাপী চৈতন্যের দ্বার।

শব্দে আমাদের আসক্তি হয় নামের প্রতি, ক্রিয়ার প্রতি নয়। আমরা আমাদের নিজস্ব অবধারণার ভিত্তিতে জীবনের ব্যাপারে কথা বলি কিন্তু মহত্বপূর্ণ ব্যাপার হল - বাঁচা। প্রেম করা মহত্বপূর্ণ, না কি 'প্রেম'। সম্বন্ধ হওয়া মহত্বপূর্ণ, না কি সম্বন্ধ। গান গাওয়া মহত্বপূর্ণ, না কি শুধু গান। কাজ করা মহত্বপূর্ণ, না কি শুধু কাজ। আনন্দে নৃত্য করা মহত্বপূর্ণ, না কেবল নৃত্য। স্বয়ং অনুভূত জ্ঞান মহত্বপূর্ণ, না কি তথাকথিত ধার করা 'অভিজ্ঞতা'। বিভাজন রহিত অখন্ড সজাগতায় থাকা মহত্বপূর্ণ, না কি নাম রূপী বিচারক আর বিচারের মধ্যের বিভাজনে।

জীবন ক্রিয়াযোগ ত্যাগ করতে পারেনা, আর মন ক্রিয়াযোগে থাকতে পারেনা। প্রেম অন্যের সাথে হওয়ার কলা আর ধ্যান নিজের সাথে হওয়ার কলা। অস্তিত্বের সাথে সম্বন্ধ তোমার হৃদয়ের, আর অনুভবের সাথে সম্বন্ধ তোমার মস্তিষ্কের।

।। জয় শব্দের উর্দে জয়।।